গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদক অপরাধ দমনে অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাসমূহের সাথে রিয়াল টাইম ইনফরমেশন শেয়ারিং এবং NIMS (Narcotics Information Management System) সমন্বয়করণ বিষয়ে কর্মপরিকল্পনা গ্রহণের লক্ষ্যে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আব্দুস সবুর মন্ডল পিএএ<br>মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| সভার তারিখ ও সময় | : | ০২ নভেম্বর, ২০২১খ্রি., বেলা ০২.৩০ টা। |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭) |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে তথ্য প্রযুক্তিতে অধিক দক্ষ করে গড়ে তুলতে এবং অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থার সাথে সুসম্পর্ক বজায় রাখতে রিয়াল টাইম ইনফরমেশন শেয়ারিং এবং NIMS (Narcotics Information Management System) সমন্বয় করার বিষয়ে গুরুত্বারোপ করেন। সভায় রিয়াল টাইম ইনফরমেশনের সাথে NIMS এর কি কি বিষয় সংযোগ করা যায় সে বিষয়ে আলোকপাত করেন। I dream it প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত NIMS সফটওয়্যার ব্যবহার বিষয়ে নিশ্চিতকরণে অধিদপ্তরের কর্মকর্তাগণের পাশাপাশি বর্তমানে ০১ (এক) বছরের রক্ষণাবেক্ষণ চুক্তির আওতায় Genweb 2 নামক সফটওয়্যার প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ এবং a2i এর প্রতিনিধিও উপস্থিত ছিলেন।

২। সভায় সভাপতি NIMS এর আওতায় লাইসেন্স ম্যানেজমেন্ট, কেস ম্যানেজমেন্ট, স্যাম্পল ম্যানেজমেন্ট ও হসপিটাল ম্যানেজমেন্ট বিষয়ে Genweb 2 প্রতিনিধিগণ কর্তৃক উপস্থাপিত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন অবলোকন করেন এবং সকলের আলোচনা ও মতামতের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্র: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১ | লাইসেন্স ম্যানেজমেন্ট: | অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ৭,৭৫১টি লাইসেন্সের তথ্য NIMS-এ ইনপুট দিতে হবে। তন্মধ্যে কতটি লাইসেন্স নবায়ন হয়েছে, কতটি হয়নি তার তথ্যও NIMS-এ সন্নিবেশ করতে হবে। তথ্যের গোপনীয়তা নিশ্চিত করতে হবে। | পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/ চিকিৎসা ও পুনর্বাসন)/ সিস্টেম এনালিস্ট। |
| ২.২ | কেস ম্যানেজমেন্ট: | অধিদপ্তর কর্তৃক দায়েরকৃত মামলার তথ্য NIMS-এ পরীক্ষামূলকভাবে ইনপুট দিতে হবে। প্রকৃত মামলার তথ্য একজন এক্সপার্ট প্রসিকিউটরকে দিয়ে ইনপুট দিয়ে চেক করাতে হবে। মোবাইল কোর্টের মামলার তথ্য ইনপুট দেয়ার ক্ষেত্রে ক্রস কাটিং ইস্যুতে a2i কাজ করবে। অন্য সংস্থা কর্তৃক মাদক অপরাধ দমনের তথ্য রিয়াল টাইম ইনফরমেশন সিস্টেম বিষয়ে a2i কাজ করবে। | পরিচালক (অপারেশনস্)/ সিস্টেম এনালিস্ট। |
| ২.৩ | হসপিটাল/ পেশেন্ট ম্যানেজমেন্ট: | মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে চিকিৎসা গ্রহণের জন্য আগত রোগীর তথ্য NIMS-এ পরীক্ষামূলকভাবে ইনপুট দিতে হবে। রোগীর তথ্য গ্রহণকালে কৌশল অবলম্বন করতে হবে। এক্ষেত্রে কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে চিকিৎসা গ্রহণকারী রোগীর তথ্য ২৪ জুন, ২০২১ হতে পরীক্ষামূলকভাবে ইনপুট দিতে হবে। কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র এ কাজটি করতে একজন কর্মীকে সিস্টেম এনালিস্ট যথাযথ প্রশিক্ষণ প্রদান করবেন। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/চীফ কনসালটেন্ট/ সিস্টেম এনালিস্ট। |

| | | | |
|---|---|---|---|
| ২.৪ | NIMS-এর র‍্যাম ও রম বৃদ্ধি: | NIMS-এর র‍্যাম ও রম বৃদ্ধির জন্য KOICA ও BCC এর সাথে যোগাযোগ করে এর সমাধান করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ সিস্টেম এনালিস্ট। |
| ২.৫ | বিবিধ: | মন্ত্রিপরিষদ বিভাগে ১৭ আগস্ট, ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী রিয়াল টাইম ইনফরমেশন শেয়ারিং বাস্তবায়নে a2i-কে ধারাবাহিকভাবে কাজ করতে অনুরোধ জানানো হয়। NIMS-ব্যবহারে আগামী ১৫ নভেম্বর, ২০২১ পর্যন্ত মক ট্রায়াল হবে। পাশাপাশি এ বিষয়ে প্রশিক্ষণ শুরু করতে হবে। আগামী ০১ ডিসেম্বর, ২০২১ তারিখ হতে NIMS-এর কার্যক্রম পূর্ণাঙ্গভাবে ব্যবহার শুরু হবে। | পরিচালক (সকল)/ সিস্টেম এনালিস্ট। |

৩। উল্লিখিত বিষয়ে আগামী সপ্তাহে পুনরায় আলোচনায় বসতে হবে।

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২/১১/২০২১

(মোঃ আব্দুস সবুর মন্ডল পিএএ)
মহাপরিচালক
ফোন: ০২-৪৮৩২২১৭৮৫।

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৩.২১. ৪৩৪৬

তারিখঃ ১৮ কার্তিক, ১৪২৮ / ০৩ নভেম্বর, ২০২১

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৪। অতিরিক্ত পরিচালক (সকল), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
৭। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। উপপরিচালক (.................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো:কার্যালয়/ জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.......................।
৯। সহকারী পরিচালক (....................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, ..........................।
১০। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অফিস কপি।

০৩/১১/২০২১

(মোহা: জিললুর রহমান)
সহকারী পরিচালক (প্রশাসন)
মোবাইল: +৮৮০১৪০৪০৭২০১৯
ই-মেইল: adadmin@dnc.gov.bd